

প্রেস রিলিজ

২১ ফেব্রুয়ারি ২০২৪

বাউবিতে মহান শহিদ দিবসে চিত্রাংকন ও রচনা প্রতিযোগিতা

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতি কর্তৃক আয়োজিত অমর একুশে শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে বাউবি ল্যাবরেটরি স্কুল ও স্থানীয় স্কুলের শিক্ষার্থীদের নিয়ে চিত্রাংকন ও রচনা প্রতিযোগিতা আজ ২১ ফেব্রুয়ারি ২০২৪ বুধবার বাউবির গাজীপুরস্থ বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব সম্মেলন ও প্রশিক্ষণ কেন্দ্রে অনুষ্ঠিত হয়।



বিজয়ীদের মধ্যে চিত্রাংকন প্রতিযোগিতায় ক গ্রুপে প্রথম আলামিন, দ্বিতীয়- নাজমুস ফিয়াদ, তৃতীয় পুরস্কার পেয়েছে ফাইজা বিনতে আলম ও খ গ্রুপে প্রথম মুবাশ্শিরা জান্নাত, দ্বিতীয় অহনা ইসলাম, তৃতীয় পুরস্কার পেয়েছে ইসরাত জাহান মিষ্টি এবং রচনা প্রতিযোগিতায় প্রথম নুসরাত জাহান দিশা, দ্বিতীয় জান্নাতুল ফেরদৌস মিম ও তৃতীয় পুরস্কার পেয়েছে মায়মুনা আক্তার আখি।

বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. কে এম রেজানুর রহমান ও সাধারণ সম্পাদক ড. মোঃ শহীদুর রহমান। এ সময় অধ্যাপক ড. মোহসীন উদ্দীন, অধ্যাপক ড. জাহাঙ্গীর আলম, অধ্যাপক মো: আনোয়ারুল ইসলাম, অধ্যাপক ড. মোহাম্মদ মামুনুর রশিদ, ড. এম আব্দুল হামিদ, মোঃ আব্দুস সাত্তার, মো: মশিউর রহমানসহ শিক্ষক সমিতির অন্যান্য সদস্যগণ উপস্থিত ছিলেন।

(ড. আ.ফ.ম মেজবাহ উদ্দিন)
পরিচালক (ভারপ্রাপ্ত)